# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 30 May, 2025

বঙ্গোপসাগরে সৃষ্ট লঘুচাপের প্রভাবে নোয়াখালীর দ্বীপ উপজেলা হাতিয়ার মেঘনা নদীতে এমভি প্রাহিম নামের একটি মালামাল বোঝাই ট্রলার ডুবে গেছে।এতে হতাহতের কোন ঘটনা ঘটেনি।

বৃহস্পতিবার (২৯ মে) দুপুর ২টার দিকে উপজেলার চানন্দী ইউনিয়নের ভূমিহীন বাজারের পূর্ব দক্ষিণে চর মহিউদ্দিন মার্কেট সংলগ্ন মেঘনা নদীতে ট্রলার ডুবির এ ঘটনা ঘটে।এসময় ট্রলারের কেউ নিখোঁজ হয়নি বলে জানিয়েছে পুলিশ।

ভুক্তভোগী তমরদ্দি বাজারের ব্যবসায়ী মো,নাজমুল আলম বলেন, সকালের দিকে বৈরী আবহাওয়ার মধ্যে রড,সিমেন্ট ও মুদি সামগ্রী নিয়ে চট্রগ্রাম থেকে সন্দীপ হয়ে  এমভি প্রাহিম নামের একটি মাল বোঝাই ট্রলার হাতিয়ার উদ্দেশ্যে যাত্রা করে।ট্রলারের মালিক পক্ষ ব্যবসায়ী নিষেধাজ্ঞা উপেক্ষা করে লোভ করে অতিরিক্ত ভাড়া নিতে ট্রলারটি ছেড়ে আসে।যাত্রা পথে ট্রলারটি উপজেলার চানন্দী ইউনিয়নের ভূমিহীন বাজারের পূর্ব দক্ষিণে চর মহিউদ্দিন মার্কেট সংলগ্ন মেঘনা নদীতে পৌঁছলে বাতাসের তোড়ে পড়ে।একপর্যায়ে ২৮টন রড,সিমেন্ট ও মুদি মালামালসহ প্রায় ৪কোটি টাকার মালামাল নিয়ে ডুবে যায়।তাৎক্ষণিক ট্রলারে থাকা লোকজনকে স্থানীয় জেলেরা উদ্ধার করে।এতে মালামাল ডুবে অনেক ব্যবসায়ী নিঃস্ব হয়ে গেছে।

অভিযোগের বিষয়ে জানতে ট্রলারের মালিক জাহেদ,সুনীল মেম্বারের মুঠোফোনে কল করা হলে সংযোগ পাওয়া যায়নি।

যোগাযোগ করা হলে হাতিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এ কে এম আজমল হুদা বলেন,এ ঘটনায় ভুক্তভোগী এক ব্যবসায়ী থানায় সাধারণ ডায়েরি (জিডি) করেছে।বিষয়টি খতিয়ে দেখে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

নোয়াখালী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:17

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/7758073141